অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং-১৩৯ তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির বিষয়সমূহ	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত এবং ভূগোল ও পরিবেশ।
ভর্তির তারিখ	০১/০৯/২০২৬ তারিখ থেকে ০৮/০৯/২০২৬ তারিখ পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যাতিত)
ভর্তি ফি	ক) বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)- ৬২৭০/- (সেমিনার ফি-১৮০০/- ও স্টাডি ট্যুর ফি-৩০০/-সহ) খ) বি.এসসি (অনার্স)- ৬৯৯৫/-(সেমিনার ফি-২৪০০/- ও স্টাডি ট্যুর ফি-৩০০/-সহ)
২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের করণীয়	১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ৩১/০৮/২০২৬ তারিখ হতে ০৮/০৯/২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (**www.nu.ac.bd/admissions**) **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে। ০৮/০৯/২০২৬ তারিখের পর ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী ভর্তি ফরম উত্তোলন করতে পারবে না।
ভর্তির ফি প্রদানের নিয়মাবলি	১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীগণ (https://chandpurcollege.eshiksaems.com/) লিংকে গিয়ে **User ID- cgcstudent** এবং **Password- cgcstudent** দিয়ে **admission** বাটনে ক্লিক করে **Click New Admission** অপশনে গিয়ে গ্রুপ (অনার্স), নির্বাচিত বিষয়, ভর্তি আবেদনের রোল সঠিকভাবে দিয়ে **Check For Admission** এ ক্লিক করলে যে ফরমটি দেখা যাবে তা পূরণপূর্বক **Submit** করে প্রিন্ট নিতে হবে। **Submit** করার পর সেলফিন/বিকাশ/নগদ অ্যাপস্ এর মাধ্যমে পে-বিল/এডুকেশন ফি অপশনে চাঁদপুর সরকারি কলেজ **Select** করে **Student ID** স্থলে ভর্তি আবেদনের রোল নম্বর লিখে পেমেন্ট সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের সঙ্গে সঙ্গে শিক্ষার্থীর মোবাইলে ক্লাস রোল নম্বরের একটি **SMS** যাবে। উক্ত **SMS**-এ প্রাপ্ত ক্লাস রোল নম্বর ভর্তি ফরমের উপর লিখে দিতে হবে এবং ক্লাস রোল নম্বর সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। ক্লাস রোল নম্বরের ভিত্তিতে ক্লাসসহ একাডেমিক সকল কার্যক্রম পরিচালিত হবে।

নিয়মাবলি :

১। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর জাতীয় বিশ্ববিদ্যালয় ও **eshiksabd** হতে ডাউনলোডকৃত ভর্তির ফরম দুইটি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্রের ফটোকপিসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের অবশ্যই ০৮/০৯/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে ভর্তির ফরম প্রিন্ট নিতে হবে এবং ০৮/০৯/২০২৬ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে। উল্লিখিত তারিখ ও সময়ের পর ফি পরিশোধ করলে তা গ্রহণযোগ্য হবে না।

২। ১ম বর্ষ অনার্স কোর্সে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রী পূর্ববর্তী শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০৬/০৯/২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তিজনিত কারণে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স কোর্সের ক্লাস ০৭/০৬/২০২৬ তারিখ রোজ রবিবার থেকে শুরু হয়েছে। এ বিষয়ে প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

বি.দ্র: সংশ্লিষ্ট সকলকে ভর্তি কার্যক্রমের সকল ক্ষেত্রে কলেজ বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ।
২। বিভাগীয় প্রধান, ...বিভাগ, চাঁ.স.ক। সতর্কতার সঙ্গে ভর্তির কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধ করা হলো।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইট: **www.chandpurcollege.edu.bd**
৫। অফিস নথি।

৩০/৮/২০২৬

(প্রফেসর এ.কে.এম আবদুল মাননান)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর